গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয়: নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন নৌপরিবহন অধিদপ্তর এর উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খালিদ মাহ্মুদ চৌধুরী, এমপি<br>প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় |
| তারিখ | : | ০৭-০৯-২০২২ খ্রি: |
| সময় | : | সকাল ১০.০০ টা |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি নৌপরিবহন অধিদপ্তর এর উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম সংক্রান্ত সভায় সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন), নৌপরিবহন অধিদপ্তর সভার কার্যপত্র উপস্থাপন করেন। পরবর্তীতে যুগ্মসচিব (জাহাজ) নৌপরিবহন অধিদপ্তর এর উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম সংক্রান্ত বিষয়ে বিগত ৩০-০৫-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাসহ অন্যান্য বিষয়ে আলোচনা উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১। নৌশুমারী সংক্রান্ত কার্যক্রম | (ক) "ন্যাশনাল শিপস্ এন্ড মেকানাইজড বোট ডাটাবেইজ ম্যানেজমেন্ট এন্ড ক্যাপাসিটি বিল্ডিং" শীর্ষক প্রকল্পের বিষয়ে আলোচনা হয়। প্রকল্পটি প্রোগ্রামিং কমিটির সভায় উপস্থাপন করা হয়নি বিধায় প্রকল্পটি Dropped হয়েছে মর্মে সভায় জানানো হয়। | প্রকল্পটি অধিদপ্তরের কার্যক্রমের সাথে সংশ্লিষ্টতার বিচারে গুরুত্বপূর্ণ বিধায় ডিপিপি পুনঃগঠন করে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর। |
| ২। নৌযান রেজিস্ট্রেশন | দেশের বিভিন্ন জেলায় অনিবন্ধিত স্পিডবোটসমূহ নিবন্ধনের আওতায় আনার বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর জানান, এ পর্যন্ত স্বল্প সংখ্যক নৌযান রেজিস্ট্রেশন সম্পন্ন করেছে। দ্রুত নৌযান রেজিস্ট্রেশন এর কাজ সম্পন্ন করা প্রয়োজন মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। সভাপতি পটুয়াখালী জেলায় চলাচলকারী স্পিডবোট সমূহের | ১। সকল অনিবন্ধিত স্পিডবোটকে নিবন্ধনের আওতায় আনতে হবে।<br>২। নিবন্ধনের জন্য সময় নির্ধারণ করে দিতে হবে।<br>৩। নিবন্ধন ব্যতীত কোন নৌযানকে চলাচল করতে দেওয়া যাবে না। | নৌপরিবহন অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| | রেজিষ্ট্রেশন সম্পন্ন করার জন্য গুরুত্বারোপ করেন। | ৪। যাত্রীদেরকে নিবন্ধনবিহীন নৌযানে যাতায়াতে নিরুৎসাহিত করতে হবে।<br>৫। এ বিষয়ে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারণা চালাতে হবে।<br>৬। নিবন্ধন সনদ গ্রহণের পর তা স্পীডবোটের দৃশ্যমান স্থানে প্রদর্শিত হলেই কেবল সেই স্পীডবোটের যাত্রী পরিবহন করতে দেওয়া হবে।<br>৭। পটুয়াখালী জেলায় চলাচলরত স্পিডবোট সমূহের রেজিষ্ট্রেশন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | |
| ৩। নৌযানসমূহে রিভার্সিবল গিয়ার সংযোজন | নৌযানের রিভার্সিবল গিয়ার সংযোজন কার্যক্রম অব্যাহত রয়েছে। গত এপ্রিল, ২০২১ পর্যন্ত মোট ৮৭ টি রিভার্সিবল গিয়ার সংযোজন হয়েছে। | রিভার্সিবল গিয়ার সংযোজনের বিষয়ে ত্রৈমাসিক পরিসংখ্যান/ প্রতিবেদন নিয়মিতভাবে নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | নৌপরিবহন অধিদপ্তর। |
| ৪। ছোট নৌযানের রেজিস্ট্রেশনের ক্ষেত্রে ভ্যাট আদায় সংক্রান্ত | রেজিস্ট্রেশন সংক্রান্ত ভ্যাট জমাকরণ পদ্ধতি সহজিকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর জানান, ভ্যাট জমাকরণ পদ্ধতি সহজীকরণের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডকে কয়েকবার পত্র দেওয়া হলেও কোন জবাব পাওয়া যায়নি। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় অধিদপ্তরের ভ্যাট খাতে জমা নেওয়ার বিষয়ে মতামত ব্যক্ত করেন। | ভ্যাট জমাকরণ পদ্ধতি সহজীকরণের বিষয়ে নৌপরিবহন অধিদপ্তর পূর্ণাঙ্গ সুপারিশসহ প্রস্তাব নৌপরিবহন মন্ত্রণালয়ে পুনরায় প্রেরণ করবে। মন্ত্রণালয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | নৌপরিবহন মন্ত্রণালয় ও<br>নৌপরিবহন অধিদপ্তর। |
| ৫। নৌপরিবহন অধিদপ্তরের জনবল কাঠামো সংক্রান্ত | (১) ১০ জন পরিদর্শক, ০৩ জন নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, ০৩ জন ইঞ্জিনিয়ার শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার .এবং ০৫ জন ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এবং ০১ জন প্রসিকিউটিং অফিসার নৌপরিবহন অধিদপ্তরে যোগদান করেছেন। এছাড়া পিএসসির চাহিদা মোতাবেক আরও জনবল নিয়োগের জন্য তথ্যাদি প্রেরণ করা হয়েছে। | নৌপরিবহন অধিদপ্তরের জনবল কাঠামোর সার্বিক চিত্র বর্ণনা করে এ ব্যাপারে নীতিগতভাবে মন্ত্রণালয়ের কি কি সহায়তা/সিদ্ধান্ত প্রয়োজন আছে কি না তা উল্লেখপূর্বক একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন নৌপরিবহন অধিদপ্তর, মন্ত্রণালয়ে প্রেরণ করবে। নৌপরিবহন অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা,২০২২ (খসড়া) এর সকল কার্যক্রমে নৌপরিবহন | নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| | (২) নৌপরিবহন অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা,২০২২ (খসড়া) পরবর্তী কার্যক্রমের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | অধিদপ্তর কর্তৃক মন্ত্রণালয়কে সার্বিক সহযোগীতা প্রদান করবে। | |
| ৬। প্রাইভেট মেরিটাইম ইনস্টিটিউট মনিটরিং | সভায় প্রাইভেট মেরিটাইম ইন্সটিটিউটসমূহের সার্বিক কার্যক্রম সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। সভায় জানতে চাওয়া হয় যে, দেশে মোট কয়টি বেসরকারি মেরিটাইম ইনষ্টিটিউট রয়েছে। জবাবে মহাপরিচালক জানান যে, দেশে মোট ০৫টি বেসরকারি মেরিটাইম ইনষ্টিটিউট রয়েছে। মহাপরিচালক নৌপরিবহন অধিদপ্তর জানান, প্রাইভেট মেরিটাইম ইন্সটিটিউটসমূহের একইসাথে নাবিক এবং কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়। একই প্রতিষ্ঠানে একইসাথে কর্মকর্তা এবং নাবিকদের প্রশিক্ষণ প্রদানে পর্যাপ্ত সুবিধা ও মান নিশ্চিত করা দূরূহ মর্মে সভায় আলোচনা করা হয়। | প্রাইভেট মেরিটাইম ইন্সটিটিউটসমূহে পাঠদান/ প্রশিক্ষণ কিভাবে আপগ্রেড করা যায় সে বিষয়ে সুপারিশসহ বিস্তারিত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>বেসরকারি প্রতিষ্ঠানগুলোর শিক্ষা কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর। |
| ৭। সমুদ্র পথে ক্রুজ সার্ভিস চালু সংক্রান্ত | সমুদ্র পথে ক্রুজ সার্ভিস চালুর বিষয়ে ট্যুরিজম বোর্ড, সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে নৌপরিবহন অধিদপ্তরের সভা হয়েছে। সভায় সমুদ্র পথে ক্রুজ সার্ভিস চালুর বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করা হবে মর্মে জানানো হয়েছে। বেসরকারি পর্যায়ে বড় বড় নৌ ট্যুরিজম প্রতিষ্ঠানকে ক্রুজ সার্ভিস চালুর বিষয়ে উৎসাহিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | দেশের অর্থনৈতিক উন্নয়নে সমুদ্রপথে প্রয়োজনে অন্যান্য নৌ ট্যুরিজমকেও উৎসাহিত করতে হবে। | নৌপরিবহন অধিদপ্তর সংশ্লিষ্ট অন্যান্য সংস্থাসমূহ। |
| ৮। নৌপরিবহন অধিদপ্তরের আইন বাংলায় রূপান্তর | (ক) বাংলাদেশ বাণিজ্যিক নৌপরিবহন আইন, ২০২১ (খসড়া) (MSO) প্রণয়ন করা হয়েছে। আইনের উপর আন্তঃমন্ত্রণালয় এবং অংশীজনদের নিয়ে সভা সম্পন্ন করে আইনটি প্রমিতকরণের জন্য বাংলা ভাষা বাস্তবায়ন কোষ (বাবাকো), জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | (ক) বাংলাদেশ বাণিজ্যিক নৌপরিবহন আইন,২০২১ (খসড়া) এবং অভ্যন্তরীন নৌপরিবহন আইন,২০২১(খসড়া) জুন,২০২১ সভায় নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তরের প্রতিনিধি আগামী সভায় অংশগ্রহণ করবে। সভা পরবর্তী পর্যবেক্ষণসমূহ | নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| | পরবর্তীতে বাবাকো হতে আসার পর আন্তঃমন্ত্রণালয় সভায় আইনটি সংশোধন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। আগামী ১২-০৯-২০২২ খ্রি, তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে আইনটির উপর প্রথম সভা অনুষ্ঠিত হবে।<br><br>(খ) অভ্যন্তরীণ নৌপরিবহন আইন, ২০২১ (খসড়া) প্রণয়ন করা হয়েছে। আইনের উপর আন্তঃমন্ত্রণালয় এবং অংশীজনদের নিয়ে সভা সম্পন্ন করে আইনটি প্রমিতকরণের জন্য বাংলা ভাষা বাস্তবায়ন কোষ (বাবাকো), জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে আন্তঃমন্ত্রণালয় সভা শেষে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগে এ পর্যন্ত মোট ২টি পর্যালোচনা সভা হয়েছে। তাদের পর্যবেক্ষণের প্রেক্ষিতে কিছু সংশোধনী সংশোধনপূর্বক আইনটি সশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নৌপরিবহন অধিদপ্তরকে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>(গ) বাংলাদেশ পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) বিধিমালা প্রস্তুত করা হয়েছে। এ সংক্রান্ত অংশীজনদের সভা ও আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সকল স্টেকহোল্ডার, সংশ্লিষ্ট মন্ত্রণালয়, দপ্তর/সংস্থার মতামত গ্রহণ করা হয়েছে। আগামী ১৩-০৯-২০২২ খ্রি. তারিখ সভা অনুষ্ঠিত হবে, সভায় বিধিটি চূড়ান্ত খসড়া প্রস্তুত করা হবে। | সংশোধনপূর্বক নৌপরিবহন অধিদপ্তর হতে মন্ত্রণালয়ে প্রেরণ করবে, মন্ত্রণালয় পরবর্তী কার্যক্রম গ্রহণার্থে মন্ত্রিপরিষদ বিভাগের "আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি" বরাবর প্রেরণ করবে।<br><br>(খ) বাংলাদেশ পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) বিধিমালাটি সভা পরবর্তী সংশোধনপূর্বক দ্রুত চূড়ান্ত করতে হবে।<br><br>(গ) বাংলাদেশ পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা) আইন, ২০১৯ এবং বাংলাদেশ বাতিঘর আইন, ২০২০ আইনদ্বয় বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে বিধায় সভার আলোচ্যসূচী থেকে বাদ দেয়া হয়। | |
| ৯। আইএমও এর Mandatory Audit সংক্রান্ত | Root Cause Analysis এবং Corrective Action Plan তৈরি করে আইএমওতে প্রেরণ করা হয়েছে। সিপিএ অনুযায়ী সংশ্লিস্ট পরবর্তী কার্যক্রম চলমান। | ক) Mandatory Audit এর বিষয়ে নৌপরিবহন অধিদপ্তর পরবর্তী কার্যক্রম সম্পাদন করবে।<br><br>(খ) আইন চূড়ান্তকরণ ও জনবল, প্রশিক্ষণ সংক্রান্ত কার্যাদি দ্রুত সমাপ্ত করে নৌপরিবহন অধিদপ্তর | নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| | | International Maritime Organization (IMO) কে অবহিত করবে। | |
| ১০। বিবিধ | IMO Secretary General পদে ক্যাপ্টেন মইনউদ্দিন আহমেদ এর প্রার্থিতার বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় পরবর্তীতে উপযুক্ত সময়ে সিদ্ধান্ত নেওয়া যেতে পারে মর্মে মতামত দিয়েছে। অন্তবর্তীকালীন সময়ে ক্যাপ্টেন মইনউদ্দিন আহমেদ তার ব্যক্তিগত প্রচারণা চালিয়ে যেতে পারেন এবং আলোচ্য প্রার্থীতার বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয়কে অবহিত রাখতে পারেন মর্মেও পররাষ্ট্র মন্ত্রণালয় মতামত ব্যক্ত করেছে। | বিষয়টি নিয়মিত ফলোআপ করতে হবে। | নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর। |

পরিশেষে সভাপতি নৌযানের রেজিস্ট্রেশন, প্রাইভেট মেরিটাইম ইন্সটিটিউট মনিটরিং, নৌযানের ভ্যাট আদায় ও সহজীকরণসহ অন্যান্য বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ যথানিয়মে এবং যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ:-২৮-০৯-২০২২।

(খালিদ মাহ্‌মুদ চৌধুরী, এমপি)
প্রতিমন্ত্রী
নৌপরিবহন মন্ত্রণালয়।

নং-১৮.০০.০০০০.০২৪.৯৯.০০৪.২১- ১৬৬

তারিখ: ২৯-০৯-২০২২।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
২। অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (জাহাজ/পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

2/10/22

(মোঃ আলমগীর কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৮০৭৮৬।